ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/চ-৪৪/২০১৬/ ১৬৯৭৭ তারিখ: ১২ কার্তিক ১৪৩২ ব. / ২৮ অক্টোবর ২০২৫ খ্রি.

বিষয়: বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মাদরাসার স্মারক নং- ফে.আ.কা.মা-১৯৯০/২০২৫/৪৯৯ তারিখ: ২৬.০৮.২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে ফেনী আলিয়া কামিল মাদরাসা, সদর, ফেনী-এর সহকারী শিক্ষক (গণিত) জনাব জিয়াউল হক ফৌজদারী মামলার কারণে বাংলাদেশ গেজেট (অতিরিক্ত), ২০ মে ২০২৪ এর ধারা ৫৫(১) মোতাবেক ১৬.০৬.২০২৫ খ্রি. তারিখে সাময়িক বরখাস্তের যে পত্র জারি করা হয় তা বেসরকারি মাদরাসার কোনো শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়। তবে, বাংলাদেশ সার্ভিস রুলস এর পার্ট-১ ও পার্ট-২ এর বিধি ৭৩ নোট (২)-এ "ফৌজদারী অভিযোগ অথবা দেনার দায়ে জেলে আটক সরকারী কর্মচারী গ্রেফতার হওয়ার দিন হইতে সাময়িক বরখাস্ত বলিয়া বিবেচিত হইবেন এবং বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বিধি-৭১ এর বিধান মোতাবেক খোরপোষ ভাতা পাইবেন" মর্মে উল্লেখ আছে।

এমতাবস্থায়, জারিকৃত সাময়িক বরখাস্তের আদেশটি বিধি মোতাবেক না হওয়ায় জনাব জিয়াউল হকের আবেদন অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৮/১০/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ফেনী আলিয়া কামিল মাদরাসা
ডাকঘর, উপজেলা ও জেলা- ফেনী।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/চ-৪৪/২০১৬/ ১৬৯৭৭ (৫) তারিখ: ২৮/১০/২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১. সভাপতি, ফেনী আলিয়া কামিল মাদরাসা, সদর, ফেনী।
২. বিদ্যোৎসাহী প্রতিনিধি, ফেনী আলিয়া কামিল মাদরাসা, সদর, ফেনী।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

২৮/১০/২০২৫
(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০৫